বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/ ১১৭

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসির কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরীর শেয়ার ব্যবসায় জড়িত থাকার অভিযোগ করে দৈনিক যুগান্তরসহ বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত সংবাদ প্রতিবেদন সম্পর্কে কমিশনের ব্যাখ্যা ও বক্তব্য প্রসঙ্গে।**

গত ১১ মে ২০২৫ তারিখে দৈনিক যুগান্তরসহ বিভিন্ন সংবাদমাধ্যমে বিএসইসির কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরীর শেয়ার ব্যবসায় জড়িত থাকার অভিযোগ করে সংবাদ প্রতিবেদন প্রকাশিত হয়েছে যা বাস্তব ভিত্তিক নয়। বিএসইসি'র চাকরিতে যোগদানের পর তিনি কোন শেয়ার বা সিকিউরিটিজ ক্রয় করেননি বরং বিএসইসিতে যোগদানের পূর্বের বিদ্যমান বিও অ্যাকাউন্টটি বন্ধে সম্ভাব্য সবধরণের উদ্যোগ নিয়েছেন এবং প্রচেষ্টা চালিয়েছেন। এসময় বিও অ্যাকাউন্টে থাকা সকল শেয়ার বিক্রয় করার নির্দেশনা তিনি সংশ্লিষ্ট ব্রোকারকে দিয়েছিলেন এবং বিক্রয় করা সম্ভব এমন সকল শেয়ার যত দ্রুত সম্ভব বিক্রয় করে দেওয়া হয়েছিল যা ছিল অ্যাকাউন্টটি বন্ধের উদ্যোগের অংশ। কিন্তু ফ্লোর প্রাইসের কারণে একটি নির্দিষ্ট কোম্পানির শেয়ার বিক্রয় সম্ভব হয়নি বিধায় বিও অ্যাকাউন্টটি শেয়ার শূণ্য করা যায়নি এবং একারণেই সকল প্রচেষ্টা সত্বেও বিও অ্যাকাউন্টটি বন্ধ করা সম্ভব হয়নি। এর মাধ্যমে বিষয়টি স্পষ্ট যে, বিএসইসি'র চাকরিতে যোগদানের পর বিএসইসির কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী শেয়ার ব্যবসার সাথে যুক্ত হননি এবং এখনও যুক্ত নন। এসংক্রান্ত বিএসইসি'র বিস্তারিত ব্যাখ্যা ও বক্তব্য নিম্নে দেওয়া হল:

**বিএসইসি'র ব্যাখ্যা ও বক্তব্য:** সংবাদ প্রতিবেদনসমূহে বিএসইসির কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী আইন লংঘন করে নিজ নামে শেয়ার ব্যবসা করছেন বলে যে অভিযোগ করা হয়েছে তা সম্পূর্ণ ভিত্তিহীন। বিএসইসির কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী বিএসইসিতে যোগদানের পূর্বেই ২০২১ সালে ব্যক্তিগত বিনিয়োগের উদ্দেশ্যে উক্ত বিও অ্যাকাউন্টটি খুলেছিলেন। বিএসইসি'র চাকরিতে যোগদানের পর তিনি উক্ত বিও অ্যাকাউন্টে কোন শেয়ার বা সিকিউরিটিজ ক্রয় করেননি। গত ২০২৪ সালের জুন মাসে বিএসইসি'র চাকরিতে যোগদানের পর পরই তিনি উক্ত বিও অ্যাকাউন্টে থাকা সকল শেয়ার বিক্রয় করার এবং উক্ত অ্যাকাউন্ট বন্ধ করার জন্য সংশ্লিষ্ট ব্রোকারকে নির্দেশনা প্রদান করেছিলেন। নির্দেশনা অনুযায়ী অপরাপর সকল শেয়ার বিক্রয় করা হয়েছে কিন্তু ফ্লোর প্রাইস কার্যকর থাকার কারণে শুধু "BEXIMCO LIMITED"-এর শেয়ারসমূহ বিক্রি করা সম্ভব হয়নি এবং একারণে সিডিবিএল Bye-laws অনুযায়ী উক্ত বিও অ্যাকাউন্টটি বন্ধ করা সম্ভব হয়নি মর্মে সংশ্লিষ্ট ব্রোকার তাকে অবহিত করেছে। বর্তমানে উক্ত বিও অ্যাকাউন্টে "BEXIMCO LIMITED"-এর মোট ২২৩১টি শেয়ার রয়েছে যার বর্তমান বাজারমূল্য ২,৪৫,৬৩৩ টাকা। উল্লেখ্য, ১লা জানুয়ারি ২০২৫ তারিখ থেকে উল্লেখিত "জিরো ওয়ান লিমিটেড" ব্রোকারেজ হাউজটির সকল কার্যক্রমও বন্ধ হয়ে গেছে।

অতএব, বিএসইসির কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী শেয়ারব্যবসার সাথে জড়িত উল্লেখিত দাবিটি সত্য নয় এবং প্রকাশিত সংবাদ বাস্তব ভিত্তিক নয় বরং বিভ্রান্তিকর। সর্বোপরি প্রতিবেদনসমূহে যেসকল অভিযোগ ও সন্দেহপূর্ণ বক্তব্য তুলে ধরা হয়েছে তা সম্পূর্ণভাবে মনগড়া। এধরণের বিভ্রান্তিকর-অসত্য তথ্য ও আপত্তিকর বক্তব্য সম্বলিত সংবাদের মাধ্যমে বিএসইসির কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী সামাজিকভাবে হেয় প্রতিপন্ন হয়েছেন। পুঁজিবাজারের স্থিতিশীলতার স্বার্থে সংবাদমাধ্যমসমূহ কর্তৃক পুঁজিবাজার সংশ্লিষ্ট বিষয়ে ত্রুটিপূর্ণ, বিভ্রান্তিকর ও একপেশে তথ্য সম্বলিত সংবাদ প্রকাশ বিএসইসি আশা করে না।

সংবাদমাধ্যমগুলোতে প্রকাশিত এ সংক্রান্ত সংবাদ প্রতিবেদনের বিপরীতে বিএসইসি'র ব্যাখ্যা আমলে নিয়ে পুঁজিবাজারের স্থিতিশীলতার স্বার্থে প্রকৃত সত্য এবং বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশের বিনীত অনুরোধ জানাচ্ছি।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৪/০৫/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র